কালের কণ্ঠ

তারিখ 10 APR ২০১৫
পৃষ্ঠা 2 কলাম 7

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হল

# ক্যান্টিনে ছাত্রলীগের ছয় নেতার বাকি ৫০ হাজার টাকা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ জিয়াউর রহমান হলের ক্যান্টিনে ছাত্রলীগের ছয় নেতার বকেয়া ৫০ হাজার
মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের ক্যান্টিনে ছাত্রলীগের ছয় নেতার বকেয়া ৫০ হাজার
টাকা। এ ছাড়া অর্ধশতাধিক কক্ষে খাবার পাঠানো হয়, কিন্তু দাম বলতে গেলে পান না
ক্যান্টিন মালিক। মাস শেষে এক হাজার বা ৫০০ টাকা ধরিয়ে দেওয়া হয়। প্রচুর টাকা
বকেয়া হওয়ায় শুক্রবার ছাত্রলীগ নেতা গাজী হাসিবের কক্ষে খাবার দেননি ম্যানেজার।
এ জন্য তাঁকে মারধর করে ক্যান্টিন বন্ধ করে দেওয়া হয়। ক্যান্টিন এখনো বন্ধ রয়েছে।
জানা গেছে, হল শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক গাজী হাসিবের বকেয়া প্রায়
পাঁচ হাজার টাকা, দপ্তর সম্পাদক মোজাম্মেল হোসেনের বকেয়া ২০ হাজার টাকা, ক্রীড়া
সম্পাদক গোলদার আল মামুনের বকেয়া ১২ হাজার টাকা, উপপাঠাগার সম্পাদক মো.
মাহবুবুর রহমানের বকেয়া তিন হাজার টাকা, উপস্কুল ছাত্রবিষয়ক সম্পাদক মো. আবুল
বাশারের ছয় হাজার টাকা ও উপসম্পাদক সাদিকুলের বকেয়া পাঁচ হাজার টাকা। আর
ছাত্রলীগকর্মী বখতিয়ারের বকেয়া আট হাজার টাকা।
ক্যান্টিন ম্যানেজার সাহাবুদ্দিন বলেন, 'খাবার খেয়ে দয়া হলে টাকা দেয় নেতারা।
বারবার তাগাদা দিতে হয়, তার পরও দেয় না। সারা মাস কক্ষে খাবার পাঠাই।'
ক্যান্টিনে শিক্ষার্থীদের বকেয়া বেশি হওয়ায় ক্যান্টিন মালিক হল কর্তৃপক্ষকে বিষয়টি
অবহিত করে। প্রাধ্যক্ষ গত ৫ এপ্রিল কক্ষে খাবার দেওয়া বন্ধ করার নির্দেশ দেন।
বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আবিদ আল হাসান বলেন, ছাত্রলীগের নেতাকর্মীরা এ
ধরনের কাজ করতে পারে না। অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে সাংগঠনিক
ব্যবস্থা নেওয়া হবে। হল প্রশাসনকে বলে প্রশাসনিক ব্যবস্থাও নেওয়া হবে।'